

মহাপরিচালকের মন্তব্য

বাংলাদেশ পরমানু শক্তি কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার দুই দফায় বিশেষ নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করিয়া ৭৪ টি আপত্তির সমন্বয়ে বিশেষ পরিদর্শন প্রতিবেদনটি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বরাবরে ইস্যু করা হয়। প্রতিবেদনটি পর্যালোচনা করিয়া পরিলক্ষিত হয় যে, প্রতিষ্ঠানটিতে কর্মকর্তা/কর্মচারীদেরকে সরকার নির্ধারিত স্কেলের চাইতে উচ্চতর স্কেলে বেতন ভাতা প্রদান করিয়া আর্থিক নীতিমালা লংঘন করা হইতেছে। ইহা ছাড়াও বিধি বর্হিভূতভাবে অমুক্তিযোদ্ধাদেরকে ২ টি করিয়া অগ্রিম বর্ধিত বেতন প্রদান, প্রাধিকার বর্হিভূত কর্মকর্তাদের আবাসিক টেলিফোন সুবিধা প্রদান, কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রাপ্যতার অতিরিক্ত উচ্চতর স্কেল প্রদান, অনিয়মিতভাবে বকেয়া উৎসব ভাতা প্রদান, নির্ধারিত সীমার অতিরিক্ত জ্বালানী ব্যয়, বিধি বর্হিভূতভাবে লিভারীজ প্রদান, সার্ভিস চার্জ বাবদ প্রাপ্ত অর্থ সরকারী কোষাগারে জমা না করা, ক্রয়কৃত মালামালের হিসাব না পাওয়া এমনকি কোন কোন ক্ষেত্রে অডিট আপত্তি থাকা সত্ত্বেও কর্মকর্তা/কর্মচারীদেরকে অবসরকালীন সুবিধা দেওয়া হইতেছে।

প্রতিষ্ঠানের আর্থিক কার্যক্রম পর্যালোচনা করিয়া প্রতীয়মান হয় যে, প্রতিষ্ঠানটির অভ্যন্তরীণ নিয়ন্ত্রন ব্যবস্থা এবং আর্থিক ব্যবস্থাপনা যথেষ্ট কার্যকর থাকিলে এইধপ অনিয়ম সংঘটিত হইত না। এই সকল অনিয়মসমূহ দূরীকরণের ব্যাপারে অবিলম্বে পদক্ষেপ গ্রহণ করা জরুরী প্রয়োজন।

২৫-১০-৯৮ইং
১০-৭-১৪০৫ বাং

মোঃ শাহজাহান মিয়া
মহাপরিচালক
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর।